ঝিনাইদহের মহেশপুর সীমান্ত দিয়ে অবৈধ পারাপারের সময় ৩১ জন আটক

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত দিয়ে অবৈধ ভাবে বাংলাদেশ থেকে ভারতে যাওয়ার চেষ্টা কালে ৩১ জন বাংলাদেশী নাগরিককে আটক করেছে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর সদস্যরা। আটককৃত ব্যক্তিদের মধ্যে নারী-১৯ জন, পুরুষ-০৭ জন এবং শিশু রয়েছে ৫ জন।

বিজিবি’র প্রেস বিজ্ঞপ্তিতে জানান, গত ২৭ অক্টোবর রাত ৬টা হতে ১১টার মধ্যে বিভিন্ন সময়ে ৮ জন এবং ২৮ অক্টোবর রাত ৩টা হতে পরদিন দুপুর ১১টা পর্যন্ত বিভিন্ন সময়ের মধ্যে বিশেষ অভিযান পরিচালনা করে ২৩ জনসহ সর্বমোট ৩১ জন বাংলাদেশী নাগরিক মহেশপুর উপজেলার শ্রীনাথপুর, মাটিলা, কুমিল্লাপাড়া, পলিয়ানপুর, বাঘাডাংগা এবং জীবননগর উপজেলার বেনীপুর সীমান্ত এলাকা থেকে আটক করা হয়। মহেশপুর এবং জীবননগর সীমান্ত দিয়ে কিছু ব্যক্তি বাংলাদেশ হতে ভারতে যাওয়ার চেষ্টা করছে এমন সুনির্দিষ্ট গোয়েন্দা সংবাদের ভিত্তিতে সীমান্ত এলাকায় টহল জোরদার করে বিশেষ অভিযান পরিচালনা করে উক্ত এলাকা থেকে তাদেরকে আটক করা হয়েছে। আটককৃতরা হলেন বরিশাল, নড়াইল, রাজবাড়ী, চুয়াডাংগা, ঢাকা, নারায়নগঞ্জ, গোপালগঞ্জ, রংপুর ও চট্টগ্রাম জেলার বিভিন্ন উপজেলার বাসিন্দা।

আটককৃত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে। এছাড়াও ভারত থেকে বাংলাদেশে প্রবেশের সময় ২ জন নারীকে আটকের পর আন্ত সীমান্ত মানব পাচার প্রতিরোধ বিষয়োক আইন ও ভিকটিম চিহ্নিতকরন সংস্থা, জাস্টিস এন্ড কেয়ার, যশোর এর নিকট হস্তান্তর করা হয়েছে।

উল্লেখ্য চলতি অক্টোবর ২০২৪ মাসে এ পর্যন্ত সর্বমোট ২৫৫ জন সদস্যকে অবৈধ সীমান্ত অতিক্রমের সময় মহেশপুর ও জীবননগর সীমান্ত এলাকা হতে আটক করে আইনী প্রক্রিয়ার মাধ্যমে থানায় হস্তান্তর করা হয়েছে বলে জানিয়েছেন মহেশপুর (৫৮বিজিবি) ব্যাটালিয়নের পরিচালক শাহ মোঃ আজিজুস শহীদ।